

📖 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৯৬

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ উম্মতে মুহাম্মাদির ফযিলত

আরবী

96- عَنْ ابْنِ عَبَّاسٍ - رَضِيَ اللَّهُ عَنْهُمَا - قَالَ: « قَالَتْ قُرَيْشٌ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ادْعُ لَنَا رَبَّكَ أَنْ يَجْعَلَ لَنَا الصِّفَا ذَهَبًا وَنُؤْمِنُ بِكَ، قَالَ: وَتَفْعَلُونَ؟ قَالُوا نَعَمْ. قَالَ: فَدَعَا فَاتَاهُ جِبْرِيلُ فَقَالَ: إِنَّ رَبَّكَ - عَزَّ وَجَلَّ - يَقْرَأُ عَلَيْكَ السَّلَامَ، وَيَقُولُ: إِنَّ شِئْتَ أَصْبَحَ لَهُمُ الصِّفَا ذَهَبًا، فَمَنْ كَفَرَ بَعْدَ ذَلِكَ مِنْهُمْ عَذَّبْتُهُ عَذَابًا لَا أُعَذِّبُهُ أَحَدًا مِنَ الْعَالَمِينَ، وَإِنْ شِئْتَ فَتَحْتُ لَهُمْ بَابَ التَّوْبَةِ وَالرَّحْمَةِ، قَالَ: بَلْ بَابُ التَّوْبَةِ وَالرَّحْمَةِ ». (حم) صحيح

বাংলা

৯৬. ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: “কুরাইশরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলল: তুমি তোমার রবের নিকট দো‘আ কর যেন ‘সাফা’কে আমাদের জন্য স্বর্ণ বানিয়ে দেন, তাহলে আমরা তোমার ওপর ঈমান আনব। তিনি বললেন: তোমরা তাই করবে? তারা বলল: হ্যাঁ। ইবনু আব্বাস বলেন: অতঃপর তিনি দো‘আ করেন, ফলে তার নিকট জিবরিল আগমন করেন ও বলেন: তোমার রব তোমাকে সালাম করেছেন, তিনি বলছেন: যদি তুমি চাও তাহলে ‘সাফা’কে তাদের জন্য স্বর্ণ বানিয়ে দিব, অতঃপর যে কুফরি করবে, তাকে আমি এমন আযাব দিব যা দুনিয়ার কাউকে দিব না। যদি চাও আমি তাদের জন্য তওবা ও রহমতের দরজা খুলে দিব। তিনি বলেন: বরং তওবা ও রহমতের দরজা”। [আহমদ] হাদিসটি সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21410>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন